‘বিএনপিকে পাহারা দিচ্ছেন রিজভী’

দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিএনপিকে পাহারা দিচ্ছেন বলে মন্তব্য করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য মওদুদ আহমদ।

শুক্রবার সকালে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে রিজভীর লেখা ‘সময়ের স্বরলিপি’ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

মওদুদ আহমদ বলেন, দলের জন্য রিজভীর অবদান, রিজভীর ত্যাগ আমাদের কাছে স্মরণীয় হয়ে থাকবে। দিনের পর দিন সে পল্টন অফিসে দিন কাটায়। সে দলটাকে পাহারা দিচ্ছে। ভাবিও তাকে সমর্থন দেন উৎসাহ দেন। না হলে কীভাবে সে এখানে দিন কাটায়।

তিনি বলেন, রিজভীর রক্তে পার্টি অফিস। মানে পার্টি ও দল একেবারে তার ধমনিতে মিশে গেছে। শত অত্যাচার-নিপীড়ন-নির্যাতন ও জেলজুলুমের মধ্যেও কারাবন্দি খালেদা জিয়ার মুক্তির জন্য রাস্তায় নেমে মিছিল করছে রিজভী। যাদের করার কথা, তাদের তো দেখি না। সে দলটাকে পাহারা দিচ্ছে। সময়ের স্বরলিপি লেখার সময় পেল কোথায়। রিজভী এই অবদান দলের কোনো নেতাকর্মী ভুলতে পারবে না।

মওদুদ আরও বলেন, আমাদের দেশে পড়ার লোক খুবই কম। দলের প্রত্যেক নেতাকর্মী এই বইটি যেন পড়ে। বইটি খ্যাতি লাভ করবে। বিএনপির সবস্তরের নেতাকর্মীকে এই বইটি পড়ার আহ্বান জানান তিনি। মওদুদ বলেন, আমি লিখেছি, কিন্তু ছাপতে পারছি না। নিষেধাজ্ঞা আছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে বিএনপির ভাইস প্রেসিডেন্ট এজেডএম জাহিদ হোসেন, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, চিত্রনায়ক আশরাফ উদ্দিন উজ্জল, ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সাইফ মাহমুদ জুয়েল প্রমুখ উপস্থিত ছিলেন।

সুত্র - যুগান্তর